

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-২ অধিশাখা]
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.০০৬.২০১৭-৩৫

তারিখঃ ১২ জুলাই ২০১৭
২৮ আষাঢ় ১৪২৪

বিষয়ঃ রীট পিটিশন নং-৭৩১২/২০১৭ পিটিশনার জনাব মোঃ টিপু বিশ্বাস, পিং- মৃত আজম বিশ্বাস, গ্রামঃ চক পৈলানপুর,
উপজেলাঃ পাবনা সদর, জেলাঃ পাবনা বনাম - সরকার ও অন্যান্য।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১৩.০৬.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২২.০৫.২০১৭ তারিখের আদেশঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার পাবনা সদর উপজেলা পরিষদের নবসৃষ্ট অফিস সহায়ক পদে নিয়োগের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৫ জনকে প্রতিপক্ষ করে বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে এই রীটটি দায়ের করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ রাজস্ব খাতে তর্কিত নিয়োগ বিজ্ঞপ্তি জারী কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা এবং পিটিশনারকে বিজ্ঞাপিত পদে আত্মীকরণের আদেশ কেন দেয়া হবেনা সে মর্মে নোটিশ প্রাপ্তির ৭ দিনের মধ্যে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২. এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে তাকে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ বুলের কপি।

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
পাবনা।

অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. মুগ্ধসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।
- ✓ ৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।